



## কানে ব্যথা ও টনসিলাইটিস

শিশুর কান খুব সাবধানে পরিচর্যা করা দরকার

কানের সংক্রমণ, শিশু এবং হামা দেওয়া শিশুর মধ্যে প্রচলিত যা থেকে কানে ব্যথা হতে পারে। কানে ব্যথা হলে সচরাচর ঠান্ডা লাগে এবং অনেক সময় জ্বর হয়। একটি শিশু তার কান টানতে পারে, কিন্তু শিশুরা সচরাচর বলতে পারে না তাদের কোথায় ব্যথা লাগছে তাই তারা কাঁদে এবং তাদের অস্বস্তি হয়।

জন্মের পরে প্রথম কয়েক সপ্তাহ শিশুদের সংক্রমণ প্রতিরোধ করার কিছু প্রাকৃতিক সুরক্ষা থাকে – স্থনপান করলে তা বেড়ে যায়। শিশু এবং হামা দেওয়া শিশুদের ক্ষেত্রে, জীবাণু অনায়াসে নাক থেকে কানে চলে যায়। কানের ব্যথা যন্ত্রণাদায়ক হতে পারে যার জন্য আপনার শিশুর বাড়তি আদর এবং পেইনকিলার লাগতে পারে (যেমন **চিনিমুক্ত** প্যারাসিটামল বা ইবুপ্রোফেন) যা ফার্মাসিস্টের কাছে পাওয়া যাবে। আপনার শিশুর গলার গ্ল্যান্ড ফুলে যেতে পারে – শরীর এইভাবেই সংক্রমণ প্রতিরোধ করে।

**টনসিলাইটিস** - টনসিলাইটিস (টনসিল ফুলে যাওয়া) থেকেও কানে ব্যথা হতে পারে। শিশুদের মধ্যে এটা একটি প্রচলিত সংক্রমণ। উপসর্গগুলি হল গলা ব্যথা, কানে ব্যথা, কাশি এবং জ্বর হওয়া। এটা কোনও গুরুতর অসুখ নয় এবং চারদিনের বেশি উপসর্গ থাকলে আপনাকে জিপি-র সাথে দেখা করতে হবে না হলে ব্যথা আরও বেড়ে যাবে, জ্বর হবে বা শ্বাসকষ্ট হবে।

### 1.

আমার হামা দেওয়া শিশুর কানে ব্যথা আছে কিন্তু সে সুস্থ আছে।

### 2.

আপনার ফার্মাসিস্টের কাছ থেকে আপনি কী চিনিমুক্ত প্যারাসিটামল বা ইবুপ্রোফেন নিয়ে খাইয়েছেন? (ব্যবহার বিষয়ক পরামর্শের জন্য পৃষ্ঠা 6 দেখুন)।

### 3.

অধিকাংশ কানের সংক্রমণ নিজে থেকে সেরে যায়। 24 ঘন্টা পরে উপসর্গ না কমলে আপনার জিপি-র সাথে কথা বলুন, আপনার শিশুর ব্যথা খুব বেড়ে গেছে বা আপনি তার কান থেকে তরল পদার্থ বেরোতে দেখেন।

## কানের সংক্রমণ কমানোর জন্য

- শিশুর কান খুব সাবধানে পরিচর্যা করা দরকার।
- আপনার শিশুর কানের ভিতরে কখনও কটন বাড ঢোকাবেন না।
- তাদের স্বর থাকলে খোল গড়িয়ে বেরিয়ে আসতে পারে।
- দুই কানের বাইরের দিক আলাদা পরিষ্কার ভেজা তুলো দিয়ে আলতো করে পরিষ্কার করুন।
- ধোঁয়া থেকে দূরে থাকুন।
- আপনার জিপি বিধান না দিলে কানের ড্রপ বা তেল ব্যবহার করবেন না।
- সংক্রমণের ছয় সপ্তাহ পরেও আপনার শিশু শুনতে না পেলে, আপনার জিপি/স্বাস্থ্যকর্মী তাকে অডিওলজিতে পাঠাতে পারেন একটি শ্রবণশক্তি পরীক্ষার জন্য।

## সদ্যোজাত শ্রবণশক্তির স্ক্রিনিং

সকল সদ্যোজাত শিশুর শ্রবণশক্তি পরীক্ষা করা উচিত। হাসপাতালে আপনার শিশুর শ্রবণশক্তি স্ক্রিনিং করা না হয়ে থাকলে আপনার ধাত্রী বা স্বাস্থ্যকর্মীকে একটি অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করতে বলুন।

## কানের সংক্রমণের লক্ষণগুলি কী কী?

লক্ষণগুলি হল স্বর হওয়া, খিটখিটে স্বভাব এবং ব্যথা বা অস্বস্তি। কানের রং লাল হয়ে যেতে পারে এবং আপনার শিশু কান টানতে পারে কারণ সে অস্বস্তি বোধ করছে। তাদের কান থেকে পুঁজও বেরোতে পারে, যারজন্য কান বন্ধ থাকতে পারে বা শুনতে না পেতে পারে। যদিও অধিকাংশ কানের সংক্রমণ কোনও গুরুতর প্রভাব না ফলে চলে যায়, কিন্তু অল্প সময়ের জন্য (দুই থেকে তিন সপ্তাহ) শ্রবণশক্তি সামান্য কমে যেতে পারে।

উৎস: [www.nhs.uk](http://www.nhs.uk), NHS চয়েজেস।

0800 032 0102 নম্বরে কল করুন অথবা [www.smokefree.nhs.uk](http://www.smokefree.nhs.uk) ওয়েবসাইট দেখুন